

সোনাতলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ  
সোনাতলা, বগুড়া।

স্মারক নং: ৪৭.৬২.১০.৯৫.১০০.১৮.০১৯.২৪.৭৯

তারিখ : ৩১/০৩/২০২৪ খ্রিঃ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

সোনাতলা ইউসিসিএলিঃ, সোনাতলা, বগুড়া এর নিম্ন বর্ণিত শূন্যপদ পূরণের জন্য অত্র সোনাতলা উপজেলা, বগুড়া এর স্থায়ী বাসিন্দা ও প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/২০১৫	শিক্ষাগত যোগ্যতা
০১	পরিদর্শক	০১ জন	গ্রেড-১৪, বেতন স্কেল/২০১৫ এর (১০,২০০-২২,৪৯০/৯)	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে :

১। প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদন পত্র (স্পষ্টাক্ষরে) (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখ করে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আগামী ২১/০৪/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাক যোগে পৌছাতে হবে।

২। আবেদন পত্রের সঙ্গে যা সংযুক্ত করতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি (খ) সম্প্রতি তোলা ৪ (চার) কপি রজিন পাসপোর্ট সাইজ এর সত্যায়িত ছবি (গ) নাগরিকত্ব সনদপত্র (ঘ) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) জন্ম সনদপত্রের সত্যায়িত অনুলিপি (চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

৩। ০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বৎসর। বয়স প্রমানের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

৪। আবেদন পত্র যাচাই বাছাইয়ের পর যোগ্য প্রার্থীর প্রবেশপত্র আন্ডার সার্টিফিকেট অব-পোস্টিং এর মাধ্যমে ডাক যোগে প্রার্থীর বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে।

৫। অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে “সোনাতলা ইউসিসিএলিঃ, সোনাতলা, বগুড়া” এর অনুকূলে সংশ্লিষ্ট/ পরিদর্শক পদের জন্য ৪০০/-টাকা মূল্যমানের ডিডি/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৬। সংশ্লিষ্ট/ পরিদর্শক পদটি সম্পূর্ণ অস্থায়ী, সন্তোষজনক চাকুরীর ভিত্তিতে ০১ বছর পর নিয়মিতকরন হবে। নিয়োগকৃত কর্মচারীগণ সংশ্লিষ্ট ইউসিসিএ'র কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএ কর্মচারীদের জন্য নির্ধারিত রেতন স্কেলে কেবলমাত্র সংশ্লিষ্ট কর্মচারীদের বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্যের অর্থ/ইউসিসিএ'র নিজস্ব আয় থেকে কর্মচারীদের বেতন ভাতাদি প্রাপ্য হবে।

৭। সংশ্লিষ্ট/ পরিদর্শক পদের জন্য প্রার্থীকে লিখিত, মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

৮। সংশ্লিষ্ট কর্মচারী বিআরডিবি'র কর্মচারী হিসাবে গণ্য কিংবা ভবিষ্যতে রাজস্ব বাজেটভুক্তি এবং বিআরডিবি'র চাকুরীর জন্য যোগ্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।


৯। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১০। যে কোন ধরনের সুপারিশ/তদবীর প্রার্থীর জন্য অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

বিঃ দ্রঃ যারা পূর্বে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

এছাড়া আন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

  
৩১/০৩/২০২৪  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
ও  
সদস্য সচিব  
সোনাতলা ইউসিসিএলিঃ  
সোনাতলা, বগুড়া।